# উপজেলা আইসিটি কমিটি সংক্রান্ত অক্টোবর/২০১৯খ্রি. মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব দীপ্তিময়ী জামান
উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ
তারিখ : ০৬/১১/২০১৯ খ্রিস্টাব্দ
সময় : সকাল ০৯.১৫ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং পরবর্তী সভায় আইসিটি কমিটির সদস্যবৃন্দকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী প্রোগ্রামার উপজেলা আইসিটি কমিটির বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ় করা হয়। সভায় উপস্থিত সদস্যগণ তাদের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

| ক্রমিকঃ | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.০ | ওয়েবসাইট হালনাগাদকরণঃ<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, বাজিতপুর উপজেলার ওয়েব সাইটের হালনাগাদের কাজ কিছু দপ্তর বাদে খুব ভালো ভাবেই চলছে। বিভিন্ন বিভাগীয় দপ্তরের কর্মকর্তারা এ বিষয়ে একটু আন্তরিক হলে তা দ্রুত শতভাগ বাস্তবায়ন করা যাবে। এছাড়াও সকল ইউনিয়ন ওয়েব পোর্টাল নিয়মিতভাবে হালনাগাদ করার বিষয়ে অবগত করা হয়। | ১। ওয়েবসাইট হালনাগাদ করার জন্য দপ্তর প্রধানদের আরো আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানানো হয়। আগামী ০৭ কর্মদিবসের মধ্যে হালনাগাদ শেষ করার জন্য বলা হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়।<br>২। ইউনিয়ন পর্যায়ে ওয়েব সাইটে নিয়মিত তথ্য হালনাগাদকরণের জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণকে অনুরোধ করা হয় এবং ৭ কর্মদিবসের মধ্যে হালনাগাদ শেষ করার জন্য বলা হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। দপ্তর প্রধান (সকল), বাজিতপুর,কিশোরগঞ্জ<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, বাজিতপুর,কিশোরগঞ্জ<br>৩। উদ্যোক্তা (সকল) |
| ২.০ | উপজেলা/ইউনিয়ন পর্যায়ে ইন্টারনেট কানেকটিভিটি সংক্রান্তঃ<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, বাজিতপুর উপজেলার ইন্টারনেট কানেকটিভিটি প্রায় অনেকদিন ধরে অচল আছে। জেলা প্রশাসকের কার্যালয়ে যোগাযোগ করে বর্তমান অবস্থা জানানো হয়েছে। | ১। বিটিসিএল/বিসিসি অফিসের সাথে প্রতিনিয়ত যোগাযোগের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ করা হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, বাজিতপুর,কিশোরগঞ্জ<br>২। দপ্তর প্রধান (সকল), বাজিতপুর,কিশোরগঞ্জ |
| ৩.০ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, বাজিতপুর উপজেলার ০৬ টি শিক্ষা প্রতিষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। তিনি আরো জানান, শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলো তিনি নিয়মিত পরিদর্শন করেন। ডিজিটাল ক্লাসরুম হিসেবেও তারা ল্যাব যথাযথ ব্যবহার করছেন। | ১। ল্যাবের যথাযথ ব্যবহার যাতে বাস্তবায়িত হয় তা সহকারী প্রোগ্রামারকে মনিটরিং ও সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয় এবং ল্যাব রিপোর্ট প্রদান করার জন্য বলা হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, বাজিতপুর,কিশোরগঞ্জ<br>২। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), বাজিতপুর,কিশোরগঞ্জ |
| ৪.০ | ই-নথি বাস্তবায়ন সংক্রান্তঃ<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, ই-নথি প্রশিক্ষণ ইতিমধ্যে উপজেলার কয়েকটি অফিসের কর্মকর্তা এবং কর্মচারীরা কিশোরগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ে প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। পর্যায়ক্রমে উপজেলার অন্যান্য দপ্তরে প্রশিক্ষণের সুযোগ পাবেন। | ১। ই- নথি কার্যক্রম সার্বক্ষনিক সহযোগিতা করার জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। সকল কর্মকর্তা এবং কর্মচারী (ই-নথি লাইভ অফিস)।<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, বাজিতপুর,কিশোরগঞ্জ |
| ৫.০ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার কার্যক্রম সংক্রান্তঃ<br>এ বিষয়ে সভাপতি নিয়মিতভাবে ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহ পরিদর্শন করার জন্য সহকারী প্রোগ্রামারকে | নিয়মিতভাবে ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহ পরিদর্শন করতে হবে এবং উদ্যোক্তাদের তাদের আয় ও | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, বাজিতপুর,কিশোরগঞ্জ |

<table>
<tr><td></td><td>অনুরোধ করেন। উদ্যোক্তাদের আয়, নাগরিক সেবা প্রদান ইত্যাদি বিষয়ের প্রতি দৃষ্টি রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়।</td><td>সেবা একসেবায় নিয়মিতভাবে হালনাগাদ করার জন্য অনুরোধ জানানো হয়।</td><td>২। উদ্যোক্তা (সকল)</td></tr>
<tr><td>৬.০</td><td><u>মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্তঃ</u><br>এ উপজেলার মাল্টিমিডিয়া ক্লাসরুমের অক্টোবর ২০১৯ মাসের অগ্রগতির চিত্র নিম্নে উপস্থাপন করা হলোঃ
<table>
<tr><th>প্রতিষ্ঠান</th><th>প্যারফরমেন্স (%)</th></tr>
<tr><td>সরারচর শিবনাথ বহুমুখী উচ্চ বিদ্যালয়</td><td>৩৩.৩</td></tr>
<tr><td>হিলচিয়া উচ্চ বিদ্যালয়</td><td>৩৩.৩</td></tr>
<tr><td>নিলখী কাসেমুল উলুম ইসলামিয়া দাখিল মাদ্রাসা</td><td>৩৩.৩</td></tr>
<tr><td>বাজিতপুর রাজ্জাকুন্নেছা (আর.এন.) সরকারি পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ</td><td>২৯.২</td></tr>
<tr><td>বাজিতপুর হাফেজ আঃ রাজ্জাক পাইলট মডেল উচ্চ বিদ্যালয়</td><td>১৬.৭</td></tr>
<tr><td>আফতাব উদ্দিন স্কুল এন্ড কলেজ</td><td>৮.৩</td></tr>
<tr><td>দিলালপুর আব্দুল করিম উচ্চ বিদ্যালয়</td><td>৮.৩</td></tr>
<tr><td>সরারচর ইসলামিয়া ফাজিল মাদরাসা</td><td>০</td></tr>
<tr><td>বাহেরবালী এসইএসডিপি মডেল উচ্চ বিদ্যালয়</td><td>০</td></tr>
<tr><td>দিঘীরপাড় নিম্নমাধ্যমিক বিদ্যালয়</td><td>০</td></tr>
<tr><td>পিরিজপুর ইসলামিয়া দাখিল মাদরাসা</td><td>০</td></tr>
<tr><td>কমর আলী খান উচ্চ বিদ্যালয়</td><td>০</td></tr>
<tr><td>মেরাজ মান্নান আলম উচ্চ বিদ্যালয়</td><td>০</td></tr>
<tr><td>হালিমপুর উচ্চ বিদ্যালয়</td><td>০</td></tr>
<tr><td>পিরিজপুর উচ্চ বিদ্যালয়</td><td>০</td></tr>
<tr><td>ডুয়াইগাঁও সুলতানপুর উচ্চ বিদ্যালয়</td><td>০</td></tr>
<tr><td>সরারচর সৌদামিনী সুরবালা বালিকা উচ্চ বিদ্যালয়</td><td>০</td></tr>
<tr><td>বেগম রহিমা বালিকা উচ্চ বিদ্যালয়</td><td>০</td></tr>
<tr><td>মফিজুর রহমান রোকন উচ্চ বিদ্যালয়</td><td>০</td></tr>
<tr><td>নজরুল ইসলাম কলেজিয়েট স্কুল</td><td>০</td></tr>
</table></td><td>এ উপজেলায় মাল্টিমিডিয়া ক্লাসরুমের ব্যাবহার সন্তোষজনক না হওয়ায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে এবং মাধ্যমিক শিক্ষা অফিসার কে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়।</td><td>২। মাধ্যমিক শিক্ষা অফিসার,বাজিতপুর, কিশোরগঞ্জ<br><br>২। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল)</td></tr>
<tr><td>৭.০</td><td><u>সরকারী ই-মেইল ব্যাবহার সংক্রান্তঃ</u><br>উপজেলা পর্যায়ের সকল সরকারী দপ্তরের কর্মকর্তাদের দাপ্তরিক প্রয়োজনে ব্যাক্তিগত ইমেইল এর পরিবর্তে সরকারী ইমেইল ব্যাবহার করা অতীব প্রয়োজন।</td><td>প্রতিটি সরকারী দপ্তরের মন্ত্রণালয় হতে নির্ধারিত দাপ্তরিক ইমেইল ব্যাবহার করে দপ্তরের সকল চিঠি পত্র আদান-প্রদান নিশ্চিত করার জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ জানানো হয়।</td><td>১। দপ্তর প্রধান (সকল), বাজিতপুর,কিশোরগঞ্জ<br><br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর</td></tr>
<tr><td>৮.০</td><td><u>উদ্যোক্তাদের তথ্যঃ</u><br>ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর উদ্যোক্তাদের বিস্তারিত তথ্যাদি হালনাগাদ রাখতে হবে। এছাড়া যে সকল ইউডিসি তে নারী উদ্যোক্তা নেই সেসব ইউডিসিতে নারী উদ্যোক্তা নিয়োগ দেয়া প্রয়োজন।</td><td>এ উপজেলায় বিদ্যমান ১১ টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর মধ্যে তিনটি ইউডিসি তে নারী উদ্যোক্তা নেই বলে জানানো হয়। নারী উদ্যোক্তা নিয়োগ দিতে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।</td><td>১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, বাজিতপুর,কিশোরগঞ্জ<br><br>২। উদ্যোক্তা (সকল)</td></tr>
</table>

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

(দীপ্তিময়ী জামান)
উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
বাজিতপুর, কিশোরগঞ্জ
www.doict.bajitpur.kishoreganj.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.৪৮০৬.০০১.০৬.০০১.১৯-০৪ তারিখ : ০৬.১১.২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

০১। আলহাজ্ব মোঃ আফজাল হোসেন, মাননীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-০৫।

০২। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

০৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

০৫। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর, কিশোরগঞ্জ।

০৭। সহকারি কমিশনার (ভূমি), বাজিতপুর, কিশোরগঞ্জ।

০৮। উপজেলা ........................................ অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ।

০৯। অফিসার ইনচার্জ, বাজিতপুর থানা।

১০। উদ্যোক্তা (সকল), বাজিতপুর, কিশোরগঞ্জ।

১০। জনাব ........................................................................................ ।

১২। অফিস কপি।

১৩/১১/২০১৯

(মোঃ মহিবুর রহমান খান)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
বাজিতপুর, কিশোরগঞ্জ
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি